



৪৬.০২০.০০৪.০১.০০.১৭৪.২০১৭-/০৮

তারিখ : ০২ জুলাই ২০১৭

বিষয় : রীট পিটিশন নং-৫১২২/২০১৭, পিটিশনার জনাব মোঃ ওয়াহিদুজ্জামান, চেয়ারম্যান (সাময়িক বরখাস্ত),
উপজেলা- সালথা, জেলা- ফরিদপুর -বনাম-সরকার ও অন্যান্য।

ফরিদপুর জেলার সালথা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ ওয়াহিদুজ্জামান এর বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাকে সাময়িক বরখাস্ত করা হয়। তিনি উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে রীট পিটিশন নং-৫১২২/২০১৭ দায়ের করেন। উক্ত রীট পিটিশন মোকদ্দমায় মামলাটি পরিচালনার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা-২ শাখা হতে অনুরোধ জানানো হয়েছে।

২। এমতাবস্থায়, উপজেলা-২ শাখা হতে প্রাপ্ত পত্রটি এতদসঙ্গে প্রেরণ পূর্বক হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে আপীল দায়েরসহ সরকারী আইনজীবীর পাশাপাশি মামলাটি প্রতিদ্বন্দ্বিতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : রুল, ওকালতনামা ও আনুষঙ্গিক কাগজপত্র ১৩ ফর্দ।

০২.৭.১৭

(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

ফোন-৯৫৪০১৯৭

ই-মেইলঃ dslaw2.lgd.gov@gmail.com

এ্যাডঃ এস কে শফিক মাহমুদ পুষ্প
বিজ্ঞ বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ২। বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা;
- ৩। উপসচিব (উপজেলা-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৮৩/বি, মালিবাগ, ঢাকা।
- ৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৮। অফিস কপি।